**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 02-04-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

## Headlines :

**(১) ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে আগামীকাল থেকে দু’দিন পোস্টাল ব্যালটে ভোটগ্রহণ করা হবে।**

**(২) বিজেপি’র প্রবীন নেতা-মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন রাজ্য সরকার জনজাতিদের উন্নয়ন ও এডিসিতে সুশাসন প্রতিষ্ঠা করতে প্রতিশ্রুতিবদ্ধ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, ভারতের গতিশীল আকাঙ্খা এমন এক শাসন মডেলের দাবি করে যা কেবল দক্ষই নয়, গভীরভাবে নাগরিক-কেন্দ্রিক।**

**(৪) এডিসি নির্বাচনের জন্য মধ্যপ্রদেশ থেকে ৩৫০০টি ই.ভি.এম কড়া নিরাপত্তায় আজ আগরতলার আনা হয়েছে।**

****************************************

**Bye-Election :**

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে নিযুক্ত কর্মীদের বীর বিক্রম ইনস্টিটিউশনে আগামীকাল থেকে দু’দিন পোস্টাল ব্যালটে ভোটগ্রহণ করা হবে। রিটার্নিং অফিসার দেবযানী চৌধুরী এই খবর জানিয়েছেন। এদের মধ্যে ভোট কর্মী রয়েছেন ১৫২ জন।

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচন উপলক্ষে আজ ধর্মনগরে নির্বাচনের কাজে নিযুক্ত মাইক্রো অবজারভারদের নিয়ে এক প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। ধর্মনগরের অর্ধেন্দু ভট্টাচার্য স্মৃতি ভবনে আয়োজিত এই প্রশিক্ষণ কর্মশালায় উপস্থিত ছিলেন নির্বাচন কমিশনের সাধারন পর্যবেক্ষক ড. হরিশ কুমার কে, জেলা নির্বাচন আধিকারিক চাঁদনী চন্দ্রন।

*********************************

**ADC-DG :**

এডিসি নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে আরক্ষা দপ্তরের পক্ষ থেকে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এই নিরাপত্তা ব্যবস্থা পর্যালোচনার জন্য আজ খোয়াই-এ রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগের পৌরহিত্যে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে খোয়াই ও ধলাই জেলার দুই পুলিশ সুপার একাধিক টি.এস.আর ব্যাটেলিয়ন কমান্ডেন্ট এবং পুলিশের উচ্চপদস্থ আধিকারিকরা উপস্থিত ছিলেন। পুলিশের মহানির্দেশক অনুরাগ আজ কমলপুর থানায় যান। সেখানেও তিনি এডিসি নির্বাচনকে কেন্দ্র করে আইন শৃঙ্খলা পরিস্থিতির পর্যালোচনা করেন।

*************************

**CM-ADC :**

বিজেপি'র প্রবীন নেতা-মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উন্নয়নমুখী প্রকল্প এবং জনমুখী নীতিতে আস্থা রেখে রাজ্য সরকার জনজাতিদের উন্নয়ন ও এডিসিতে সুশাসন প্রতিষ্ঠা করতে প্রতিশ্রুতিবদ্ধ। আজ নতুন বাজার মালবাসা কেন্দ্রে পহরপুরে নতুনবাজার-মালবাসা কেন্দ্রের বিজেপি প্রার্থী অবীন্দ্র রিয়াং ও অম্পিনগর কেন্দ্রের প্রার্থী সৌদাগর কলই-র সমর্থনে আয়োজিত জনসভায় বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের জনজাতিরা উপলব্ধি করছে যে প্রকৃত উন্নয়ন কেবল ভারতীয় জনতা পার্টির নেতৃত্বেই সম্ভব। তিনি বলেন সরকার জনজাতিদের এলাকাগুলোর উন্নয়নের জন্য পর্যাপ্ত তহবিল সরবরাহ করছে এবং বিভিন্ন সুযোগ-সুবিধা প্রদানে অগ্রাধিকার দিচ্ছে। তিনি বলেন সরকার রাজ্যের জনজাতি কল্যাণ ও উন্নয়নকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছে এবং বাজেট বরাদ্দের একটি উল্লেখযোগ্য অংশ আদিবাসী-কেন্দ্রিক কর্মসূচি ও পরিকাঠামো খাতে ব্যয় করা হচ্ছে। জনসভায় বক্তব্য রাখেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, বিধায়ক

অভিষেক দেবরায়, বিধায়ক প্রমোদ রিয়াং। মুখ্যমন্ত্রী তৈনানিতে মহারানী-চেলাগাং কেন্দ্রের বিজেপি প্রার্থী সম্রাট জমাতিয়ার সমর্থনে বক্তব্য রাখেন।

****************************

**Leader to the Opposition :**

সিপিআইএম-এর উদ্যোগে আজ ধর্মনগরের দীননাথ নারায়নী বিদ্যামন্দির মাঠে এক নির্বাচনী জনসভা অনুষ্ঠিত হয়। জনসভায় সিপিআইএম রাজ্য সম্পাদক-বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী রাজ্য সরকার ও এডিসি কর্তৃপক্ষের সমালোচনা করে বক্তব্য রাখেন। তাছাড়া এই জনসভায় বিধায়ক ইসলাম উদ্দিন, সিপিআইএম নেত্রী কৃষ্ণা রক্ষিত ও ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের সিপিআইএম প্রার্থী অমিতাভ দত্ত বক্তব্য রাখেন।

************************

**Congress Press Meet :**

এডিসি নির্বাচনে আইন শৃঙ্খলা রক্ষায় কেন্দ্রীয় বাহিনী মোতায়েন ও ভিভিপ্যাট যুক্ত ই.ভি.এমে ভোট গ্রহণ করার জন্য প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকে রাজ্য নির্বাচন কমিশনের কাছে দাবি জানানো হয়েছে। আজ আগরতলায় কংগ্রেস ভবনে আয়োজিত সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন প্রদেশ কংগ্রেসের মুখপাত্র প্রবীর চক্রবর্তী। তিনি জানান, এডিসি নির্বাচন উপলক্ষ্যে সর্বদলীয় বৈঠক ডাকার জন্য রাজ্য নির্বাচন কমিশনের কাছে দাবি জানানো হয়েছে। সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন প্রদেশ কংগ্রেসের সাধারণ সম্পাদক প্রশান্ত সেন চৌধুরী।

******************************

**Food Department :**

খাদ্য দপ্তরের পক্ষ থেকে আজ এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, পশ্চিম এশিয়া অঞ্চলে সাম্প্রতিক যুদ্ধ পরিস্থিতির কারণে জ্বালানী তেলের সংকট হতে পারে এই আশঙ্কায় রাজ্যের কিছু মানুষের মধ্যে প্রয়োজনের অতিরিক্ত

পেট্রোল ও ডিজেল মজুত করে রাখার উদ্দেশ্যে পেট্রোল পাম্পগুলিতে জ্বালানী তেল সংগ্রহের জন্য ভিড় লক্ষ্য করা যাচ্ছে। পাশাপাশি, এলপিজি সিলিন্ডারের সংকট হতে পারে এই ভাবনা থেকে আতঙ্কিত হয়ে গ্রাহকদের কিছুটা উদ্বেগ লক্ষ্য করা যাচ্ছে এবং এই সুযোগ কাজে লাগিয়ে কিছু সুযোগ সন্ধানী মানুষ রান্নার গ্যাস নিয়ে কালোবাজারী করার চেষ্টা করছে।

কেউ যদি কোনো ধরনের কালোবাজারি এবং অসাধু কার্যকলাপে লিপ্ত হয় তাঁদের বিরুদ্ধে অত্যাবশ্যকীয় পণ্য আইনে কঠোর পদক্ষেপ গ্রহণ করা হবে বলে খাদ্য দপ্তরের পক্ষ থেকে সতর্ক করা হয়েছে।

************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ জোর দিয়ে বলেছেন, ভারতের গতিশীল আকাঙ্খা এমন এক শাসন মডেলের দাবি করে যা কেবল দক্ষই নয়, গভীরভাবে নাগরিক-কেন্দ্রিক। কর্মযোগী সাধনা সপ্তাহ ২০২৬ উপলক্ষে এক

ভিডিও বার্তায় তিনি এই কথা বলেন। তিনি বলেন, বর্তমানের শাসন ব্যবস্থা 'নাগরিক দেবো ভব' মন্ত্র দ্বারা পরিচালিত, জনসেবাকে আরও সক্ষম, সংবেদনশীল এবং নাগরিক-কেন্দ্রিক করার উপর স্পষ্ট লক্ষ রয়েছে। শ্রী মোদী উল্লেখ করেন, কেপাসিটি বিল্ডিং কমিশন এবং মিশন কর্মযোগী প্রতিটি ভারতীয়ের আকাঙ্ক্ষা পূরণের জন্য এক আধুনিক, নিবেদিত কর্মীবাহিনী তৈরির মূল চাবিকাঠি। তিনি যোগ করেন, উন্নত ভারত শুধুমাত্র পরিকাঠামো এবং প্রযুক্তির উপর নয়, একটি দক্ষ এবং প্রতিশ্রুতিবদ্ধ মানব সম্পদের উপর নির্মিত হবে। প্রধানমন্ত্রী বলেন, জীবনযাত্রার স্বাচ্ছন্দ্য এবং মান উন্নত করা শাসনের প্রাথমিক লক্ষ্য হওয়া উচিত।

#####Byte-PM#####

কেপাসিটি বিল্ডিং কমিশন আজ থেকে  ৮ই  এপ্রিল পর্যন্ত সাধনা সপ্তাহ ২০২৬ পালন করবে। আজ কমিশনের প্রতিষ্ঠা দিবস এবং মিশন কর্মযোগীর পাঁচ বছর। সপ্তাহব্যাপী কর্মসূচীতে কেন্দ্রীয় মন্ত্রক, রাজ্য, কেন্দ্রশাসিত অঞ্চল এবং ২৫০টিরও বেশি সিভিল সার্ভিস ট্রেনিং ইনস্টিটিউশন সহযোগিতামূলক সক্ষমতা বৃদ্ধির জন্য উদ্যোগ নেবে।

***************************

**Good Friday :**

আগামীকাল পবিত্র গুডফ্রাইডে। খ্রীষ্ট ধর্ম প্রবর্তক প্রভূ যিশুর ক্রুশবিদ্ধ দিবস। এই উপলক্ষে রাজ্যেও খ্রীষ্টধর্মাবলম্বীরা উপবাস থেকে বিভিন্ন ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটি পালন করে থাকেন। আগরতলার কাছে মরিয়ম নগর শান্তির রাণী গির্জায় বিশেষ প্রার্থনা সভার আয়োজন করা হয়।

গুড ফ্রাইডে উপলক্ষে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্যবাসীকে আন্তরিক প্রীতি ও শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী

বলেন, গুড ফ্রাইডে প্রভু যীশু খ্রিস্টের অসীম ত্যাগ ও আত্মবলিদানের কথা স্মরণ করায়।

****************************

**ADC-EVM :**

এডিসি নির্বাচনের জন্য মধ্যপ্রদেশ থেকে ৩৫০০টি ই.ভি.এম কড়া নিরাপত্তায় আজ আগরতলার আনা হয়েছে। উমাকান্ত একাডেমি থেকে এই ই.ভি.এম-গুলি সমস্ত জেলা নির্বাচনী আধিকারিকদের তত্বাবধানে প্রত্যেক জেলায় ওয়ার হাউজে নিয়ে যাওয়া হচ্ছে। রাজ্য নির্বাচন কমিশনের সচিব অনুরাগ সেন আজ এখবর জানিয়েছেন।

****************************

**Hanuman Jayanti :**

আজ হনুমান জয়ন্তী। রাজ্যেও নানা সামাজিক সংস্থা, ক্লাব এবং ধর্মীয় প্রতিষ্ঠানের উদ্যোগে হনুমান জয়ন্তী পালিত হচ্ছে। আগরতলার লক্ষ্মীনারায়ণ মন্দিরে সকাল থেকে পূজার্চনায় অংশগ্রহণ করে ছেন ভক্তরা। আগরতলার বিবেকানন্দ ব্যায়ামাগার, কর্ণেল চৌমুহনী সহ বিভিন্ন স্থানে হনুমান পূজার আয়োজন করা হয়েছে।

***************************

**VANDEMATRAM-Comemoration :**

রাষ্ট্রীয় গীত "বন্দেমাতরম" রচনার ১৫০তম বার্ষিকী উপলক্ষ্যে আজ কৈলাশহরের পি.এমশ্রী রাধাকিশোর ইনষ্টিটিউশনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উদ্বোধন করেন কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়। তিনি বলেন, পরাধীনতার যুগে ব্রিটিশ সরকারের বিরুদ্ধে দেশবাসীকে একতাবদ্ধ করতে "বন্দেমাতরম" এক কালজয়ী রচনা ও ধ্বনি। বক্তব্য রাখেন ঊনকোটি জিলা পরিষদের সদস্য বিমল কর। এই উপলক্ষ্যে প্রদর্শনী, সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনাচক্র অনুষ্ঠিত হয়।

*****************************

**Kajal Smriti Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত কাজল স্মৃতি ফুটবলের আজ দুটি খেলা হয়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত প্রথম খেলায় টি আই এস এফ ৬-১ গোলে এডি নগর স্কুলকে পরাজিত করে। পরে দ্বিতীয় খেলায় কাতলামারা স্কুল ১৯-০ গোলের বিশাল ব্যবধানে আগরতলা ইন্টারন্যাশনাল স্কুলকে হারিয়ে দেয়।

**************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর জেলা, ধলাই জেলা, ঊনকোটি, খোয়াই ও পশ্চিম জেলায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া দক্ষিণ জেলা, গোমতী ও সিপাহীজলা জেলায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হওয়া সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৩ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

**************************